গোলাপগঞ্জে গাড়ী ভাংচুর মামলায় ৩ জনের ২বছরের কারাদন্ড

নিজস্ব প্রতিবেদক: সিলেটের গোলাপগঞ্জ উপজেলায় গাড়ী ভাংচুর মামলার রায় ঘোষণা করেছেন আদালত। বুধবার ৩০ জন আসামির মধ্যে সাবেক ৩ জন ছাত্র নেতাকে সাজা ও বাকি ২৬ নেতা-কর্মীকে বেকসুর খালাস দিয়েছেন আদালত। সাজাপ্রাপ্তরা হলেন ইলিয়াছ আহমেদ চৌধুরী, শাওন আহমেদ ও রায়হান আহমেদ। তাদের প্রত্যেককে ২ বছরের কারাদণ্ড প্রদান করা হয়েছে। আলোচিত এ মামলার রায় ঘোষণা করেন সিলেট জজকোর্টের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কাজী আব্দুল হান্নান। সাজাপ্রাপ্ত ইলিয়াছ আহমেদ চৌধুরী কানাইঘাট উপজেলার তালবাড়ি এলাকার ওহিদ উদ্দিন চৌধুরীর ছেলে, শাওন আহমেদ গোলাপগঞ্জ উপজেলার ফুলবাড়ি এলাকার নওয়াব আলির ছেলে ও রায়হান আহমেদ একই এলাকার মিছন মিয়ার ছেলে। খালাসপ্রাপ্তরা হলেন নার্জিস, মিনহাজ, নাজমুল, সুহেদ, সাহেদ,রিমন, মামুন, মুহাইমিন,হেমায়েত,আশফাক, সাব্বির প্রমুখ । উল্লেখ্য, ২০১৪ সালের ৫ জানুয়ারি গোলাপগঞ্জ উপজেলা বাজারে বিএনপি কর্তৃক আহুত মিছিলে ছাত্রলীগ-যুবলীগের সাথে সংঘর্ষ বাধে। সংঘর্ষে কয়েকটি গাড়িও ভাংচুর করা হয়। এতে জনমনে ব্যাপকভাবে আতংকের সৃষ্টি হয়। পরে পুলিশ এসে লাঠিচার্জ ও টিয়ারশেল নিক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। উক্ত ঘটনায় পুলিশ বাদী হয়ে গোলাপগঞ্জ উপজেলায় বিশেষ ক্ষমতা আইনে ৩০জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন। উক্ত ঘটনায় গোলাপগঞ্জ উপজেলা বিএনপির সাথে যোগাযোগ করা হলে উপজেলা বিএনপি সভাপতি নাসিরুল হক শাহিন এ প্রতিবেদককে বলেন, মিথ্যা ও ষড়যন্ত্রমূলকভাবে ছাত্রদলের উক্ত নেতা-কর্মীদের সাজা প্রদান করা হয়েছে। এই রায় সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত বলে উল্লেখ করেন। এদিকে রাষ্ট্র পক্ষের আইনজীবী ও সাবেক পিপি এডভোকেট মিসবাহ উদ্দীন সিরাজ বলেন, বিজ্ঞ আদালতের রায়ে আমরা সন্তুষ্ট।